

ডাকসুর এজিএস পদে এক দলের ৪ প্রার্থী

অনলাইন ডেক্স



তাহমিদ আল মুদাসিসর চৌধুরী, আশরেফা খাতুন, সানজানা আফিফা অদিতি ও আশিকুর রহমান জীম। সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে

বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ (বাগছাস) 'বৈষম্যবিরোধী

শিক্ষার্থী সংসদ' নামে একটি প্যানেল ঘোষণা করেছে। প্যানেলে

ভিপি পদে মনোনয়ন পেয়েছেন বাগছাসের ঢাবি শাখার আহ্বায়ক

আব্দুল কাদের। জিএস পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন সংগঠনের

কেন্দ্রীয় কমিটির আহ্বায়ক আবু বাকের মজুমদার। এজিএস পদে

মনোনয়ন পেয়েছেন সংগঠনটির কেন্দ্রীয় মুখ্যপাত্র আশরেফা

খাতুন।

তবে আশরেফা খাতুন ছাড়াও এজিএস পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন

বাগছাসের আরো তিনজন নেতা। তারা হলেন কেন্দ্রীয় মুখ্য

সংগঠক তাহমিদ আল মুদাসিসর চৌধুরী, কেন্দ্রীয় যুগ্ম

সদস্যসচিব সানজানা আফিফা অদিতি এবং ঢাবি শাখার যুগ্ম

সদস্যসচিব আশিকুর রহমান জীম।

এ ছাড়া মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলনবিষয়ক সম্পাদক পদেও

লড়ছেন বাগছাসের ৩ নেতা। তাদের মধ্যে বাগছাসের প্যানেলে এ

পদে প্রার্থী হয়েছেন সংগঠনের ঢাবি শাখার মুখ্য সংগঠক হাসিব

আল ইসলাম।

একই পদে লড়বেন ঢাবি শাখার যুগ্ম সদস্যসচিব মো. আবু সাইদ

এবং কেন্দ্রীয় যুগ্ম সদস্যসচিব আব্দুল্লাহ সালেহীন অয়ন।

দলটির একাধিক নেতা জানিয়েছেন, কাঞ্চিত পদ না পাওয়ায়

তারা স্বতন্ত্রভাবে নির্বাচন করার সিদ্ধান্ত নিয়েছেন। তবে গণতান্ত্রিক

ছাত্র সংসদের নেতারা দাবি করেছেন, কৌশলগত কারণে তাদের

একাধিক নেতা ভিন্ন ভিন্ন পদে লড়ছেন। বিশ্ববিদ্যালয় শাখার এক

নেতা জানিয়েছেন, একই পদে একাধিক প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা

করলেও কোনো সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে না।

এ বিষয়ে বাগছাসের কেন্দ্রীয় আন্দোলনক আবু বাকের মজুমদার

সাংবাদিকদের বলেন, ‘ডাকসু নির্বাচনে বাগছাসের অনেক প্রার্থীর

নিজস্বভাবে ভালো করার সক্ষমতা রয়েছে। তাই একটি পদে

একাধিক প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করলেও তাদের বিরুদ্ধে কোনো

শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে না। কিছু ক্ষেত্রে এটি সংগঠনের

কৌশলগত সিদ্ধান্ত, আবার কয়েকজন প্রার্থী স্বতন্ত্রভাবেও নির্বাচন

করবেন।